# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৩৮

১/ বিবিধ

আরবী

هي زكاة الفطر. آية: قد أفلح من تزكى
ضعيف جدا

أخرجه البزار في " مسنده " (1/429/905) وابن عدي في " الكامل " (ق 1/333) والبيهقي (4/159) من طريق عبد الله بن نافع عن كثير بن عبد الله المزني عن أبيه عن جده أن رسول الله صلى الله عليه وسلم سئل عن قوله: " قد أفلح من تزكى وذكر اسم ربه فصلى " قال: فذكره

قلت: وهذا إسناد ضعيف جدا، كثير هذا هو ابن عبد الله بن عمرو بن عوف، قال الشافعي وأبو داود

" ركن من أركان الكذب "

وقال الدارقطني وغيره

" متروك "

وعبد الله بن نافع هو الصائغ المخزومي المدني، قال الحافظ

" ثقة صحيح الكتاب، في حفظه لين "

والحديث أورده السيوطي في " الدر المنثور " (6/339) بتخريج البزار وابن المنذر وابن أبي حاتم والحاكم في " الكنى " وابن مردويه والبيهقي في " سننه " بسند ضعيف عن كثير بن عبد الله بن عمرو بن عوف به

قلت: فضعف إسناده بعبد الله بن نافع، وتضعيفه بكثير أولى لما عرفت من سوء

حاله، ولكن لعله سكت عنه لشهرته بذلك
وللحديث شاهد موقوف، رواه أبو حماد الحنفي عن عبيد الله (وفي نسخة عبد الله) ابن عمر عن نافع عن عمر أنه كان يقول: نزلت هذه الآية: " قد أفلح من تزكى وذكر اسم ربه فصلى " في زكاة رمضان " قلت: وهو مع وقفه ضعيف الإسناد جدا، فإن أبا حماد الحنفي واسمه مفضل بن صدقة قال النسائي
" متروك "
وقال ابن معين
" ليس بشيء "
وعبد الله بن عمر إن كان هو المكبر فضعيف، وإن كان المصغر فثقة

বাংলা

১১৩৮। সেটি হচ্ছে যাকাতুল ফিতর। আয়াহ্ঃ “যে ব্যক্তি (হেদায়াতের আলোকে নিজের জীবনকে) পরিশুদ্ধ করে নিয়েছে, সে অবশ্যই সফলকাম হয়েছে" (সূরা আ’লা : ১৪)।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি বাযযার তার "মুসনাদ" গ্রন্থে (১/৪২৯/৯০৫), ইবনু আদী “আল-কামেল” গ্রন্থে (কাফ ১/৩৩৩) ও বাইহাকী (৪/১৫৯) আব্দুল্লাহ ইবনু নাফে’ সূত্রে কাসীর ইবনু আব্দিল্লাহ আল-মুযানী হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে বর্ণনা করেছেন যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে (قَدْ أَفْلَحَ مَن تَزَكَّىٰ) এ আয়াত সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি উত্তরে উক্ত কথা বলেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদ খুবই দুর্বল। বর্ণনাকারী কাসীর ইবনু আবদিল্লাহ সম্পর্কে ইমাম শাফেঈ ও আবু দাউদ বলেনঃ তিনি মিথ্যার স্তম্ভসমূহের একটি স্তম্ভ। দারাকুতনী প্রমুখ মুহাদ্দিসগণ বলেনঃ তিনি মাতরূক।

আর আব্দুল্লাহ ইবনু নাফে সায়েগ মাখযুমী মাদানী সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি নির্ভরযোগ্য, কিন্তু মুখস্থ বিদ্যায় দুর্বল।

আবু হাম্মাদ হানাফী সূত্রে ... উমার (রাঃ) হতে হাদীসটির মওকুফ একটি শাহেদ পাওয়া গেলেও সেটির সনদও খুবই দুর্বল। কারণ আবু হাম্মাদ হানাফী (মুফাযযাল ইবনু সাদাকাহ) সম্পর্কে ইমাম নাসাঈ বলেনঃ তিনি মাতরূক। ইবনু মা’ঈন বলেনঃ তিনি কিছুই না।

আরেক বর্ণনাকার ওবাইদুল্লাহ অথবা আব্দুল্লাহ ইবনু উমার, তিনি যদি মুকাব্বার হন তাহলে তিনি দুর্বল আর যদি মুসাগগার হন তাহলে তিনি নির্ভরযোগ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72017

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন